



কৃষি তথ্য সার্ভিস



কৃষি তথ্য সার্ভিস

wwwais.gov.bd

কৃষি তথ্য সার্ভিস গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন একটি স্বতন্ত্র প্রতিষ্ঠান। ১৯৬১ সনে আত্মপ্রকাশের পর থেকে নিরলসভাবে গণমাধ্যমের সাহায্যে কৃষি তথ্য ও প্রযুক্তি ত্বক্মূল পর্যন্ত দ্রুত বিস্তার কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। ১৯৮৫ সালে কৃষি তথ্য সার্ভিস বিভক্ত হয়ে এক-ত্বীয়াংশ জনবল মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ে চলে যায়। ২০০৮ সালের আগে সিলেট, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, পাবনা, ময়মনসিংহ ছয়টি আঞ্চলিক অফিস এবং ঠাকুরগাঁও ও কক্সবাজার লিয়াজোঁ অফিস ছিল। বর্তমানে বরিশাল, কুমিল্লা ও রাঙামাটিতে তিনটি আঞ্চলিক অফিসসহ ১১টি আঞ্চলিক অফিস প্রতিষ্ঠার মাধ্যমে কৃষি তথ্য সার্ভিসের মিডিয়াভিত্তিক কার্যক্রম সুচারুভাবে চলছে।

রূপকল্প (Vision)

আধুনিক কৃষি তথ্য সেবা সহজলভ্যকরণ।

অভিলক্ষ্য (Mission)

সংশ্লিষ্ট উপকারভোগীদের কাছে প্রিন্ট ও ইলেক্ট্রনিক এবং গণমাধ্যমের সহায়তায় কৃষি বিষয়ক তথ্য ও প্রযুক্তি সহজলভ্য করে জনসচেতনতা সৃষ্টি।

উদ্দেশ্য

- আধুনিক গণমাধ্যমের (প্রিন্ট, ইলেক্ট্রনিক ও আইসিটি) সহায়তায় কৃষি বিষয়ক তথ্য ও প্রযুক্তি ত্বক্মূল পর্যায়ের কৃষক, সম্প্রসারণকর্মীসহ সংশ্লিষ্টদের কাছে সহজলভ্য করা;
- আইসিটি প্রযুক্তি ব্যবহার করে প্রয়োজনীয় তথ্য দ্রুত ও সহজে উপকারভোগীর কাছে পৌছে দেয়া;
- জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে কৃষি বিষয়ক উন্নয়নমূলক/উন্নুনকরণমূলক প্রচার-প্রচারণা করা; ও
- কৃষক, সম্প্রসারণকর্মী, কৃষি মিডিয়াকর্মীসহ সংশ্লিষ্টদের দক্ষতা বৃদ্ধি করা।

কার্যাবলি

- কৃষি বিশেষজ্ঞদের নিকট থেকে কৃষি বিষয়ক আধুনিক তথ্য ও প্রযুক্তিভিত্তিক লেখা সংগ্রহ করে মাসিক ম্যাগাজিন 'কৃষিকথা'য় প্রকাশ ও বিতরণ;
- মাঠ পর্যায় থেকে সংগৃহীত কৃষি বিষয়ক সংবাদ সংগ্রহ করে মাসিক বুলেটিন 'সম্প্রসারণ বার্তায় প্রকাশ ও বিতরণ;
- আধুনিক কৃষি প্রযুক্তিনির্ভর বিভিন্ন লিফলেট, ফোল্ডার, বুকলেট ইত্যাদি প্রকাশ ও বিতরণ;
- কৃষি বিষয়ক ভিডিও, ফিল্ম-ফিল্ম, টকশো, ডকুমেন্টারি তৈরি ও সম্প্রচার;
- প্রত্যন্ত অঞ্চলে গ্রামীণ জনগোষ্ঠীর মধ্যে সিনেমা শো আয়োজনের মাধ্যমে কৃষি বিষয়ক ভিডিও চলচিত্র প্রদর্শন;
- ওয়েবসাইটের মাধ্যমে কৃষি তথ্য সেবা বিতরণ ও ই-সেবা প্রদান;
- কলসেন্টারের মাধ্যমে তাৎক্ষণিকভাবে কৃষকদের কৃষি বিষয়ক বিভিন্ন সমস্যার সমাধান প্রদান;
- কৃষি বিষয়ক নতুন নতুন তথ্য ও প্রযুক্তির ওপর মাল্টিমিডিয়া ই-বুক নির্মাণ ও বিতরণ;
- কৃষি তথ্য ও যোগাযোগ কেন্দ্রের (এআইসিসি) মাধ্যমে গ্রামীণ জনগোষ্ঠীর কাছে ই-তথ্য সেবা পৌছে দেয়া;
- প্রশিক্ষণ, সভা, সেমিনার, মেলা ইত্যাদি আয়োজনের মাধ্যমে দক্ষ জনবল সৃষ্টি ও সচেতনতা বৃদ্ধি;
- বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারে কৃষি বিষয়ক অনুষ্ঠান নির্মাণে সার্বিক সহযোগিতা প্রদানসহ সরকার কর্তৃক গৃহীত কৃষিভিত্তিক উন্নয়ন কার্যক্রম সম্পর্কে জনসাধারণকে গণমাধ্যমের সহায়তায় অবহিতকরণ।



জনবল

ক্র. নং	গ্রেড নং	জনবল		
		অনুমোদিত	কর্মরাত	শূন্য
১.	গ্রেড ১	-	-	-
২.	গ্রেড ২	-	-	-
৩.	গ্রেড ৩	-	-	-
৪.	গ্রেড ৪	১	১	-
৫.	গ্রেড ৫	২	২	-
৬.	গ্রেড ৬	৩	৩	-
৭.	গ্রেড ৭	০৭	০৫	০২
৮.	গ্রেড ৮	-	-	-
৯.	গ্রেড ৯	১০	০৯	০১
১০.	গ্রেড ১০	০৭	০৮	০৩
১১.	গ্রেড ১১	৩৬	৩৫	০১
১২.	গ্রেড ১২	১৭	০৮	০৯
১৩.	গ্রেড ১৩	২	০	০২
১৪.	গ্রেড ১৪	২৭	২৪	০৩
১৫.	গ্রেড ১৫	০১	০১	-
১৬.	গ্রেড ১৬	৬৯	৫৮	১১
১৭.	গ্রেড ১৭	-	-	-
১৮.	গ্রেড ১৮	২	২	-
১৯.	গ্রেড ১৯	১০	১০	-
২০.	গ্রেড ২০	৪৯	৩৮	১১
মোট		২৪৩	২০০	৪৩

নিয়োগ/পদোন্নতি

প্রতিবেদনাধীন বছরে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান		
কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট
-	-	-	-	১৩	১৩

মানব সম্পদ উন্নয়ন (প্রশিক্ষণ)

ক্র. নং	গ্রেড নং	প্রশিক্ষণ				
		অভ্যন্তরীণ	বৈদেশিক	ইন হাউস	অন্যান্য	মোট
১.	গ্রেড ১-৯	১৬	২	০৫	-	২৩
২.	গ্রেড ১০	-	-	০৩	-	০৩
৩.	গ্রেড ১১-২০	-	-	০৬	-	০৬
মোট		১৬	২	১৪	-	৩২

গুরুত্বপূর্ণ কার্যাবলি

১. প্রিন্ট মিডিয়া

- ২০১৭-১৮ অর্থবছরে ঐতিহ্যবাহী মাসিক ‘কৃষিকথা’ পত্রিকার ৯.০০ লক্ষ কপি মুদ্রণ ও বিতরণ করা হয়েছে। একই সময়ে মাসিক সম্প্রসারণ বার্তার ১৮ হাজার কপি প্রকাশ ও বিতরণ করা হয়েছে।



- কৃষি প্রযুক্তিভিত্তিক বিভিন্ন লিফলেট, পোস্টার, বুকলেট ইত্যাদির প্রায় ৬.৪ লক্ষ কপি মুদ্রণ ও বিতরণ করা হয়েছে।

২. ইলেক্ট্রনিক মিডিয়া

- ২০১৭-১৮ অর্থবছরে কৃষি প্রযুক্তি নির্ভর ১০টি ভিডিও ফিল্ম, ২৪টি ফিলার নির্মাণ ও সম্প্রচার করা হয়েছে;
- এ সময়ে ৯৫০টি ভ্রাম্যমাণ চলচ্চিত্র প্রদর্শনীর মাধ্যমে তৎগুলি পর্যায়ে আধুনিক কৃষি তথ্য প্রযুক্তি সম্প্রচারের কাজ করা হয়েছে; এবং
- বাংলাদেশ টেলিভিশনে 'মাটি ও মানুষ' অনুষ্ঠানের ৩৩০টি পর্ব এবং 'বাংলার কৃষি' অনুষ্ঠানের প্রায় ৩৬৫টি পর্ব সম্প্রচারের যাবতীয় কারিগরি সহায়তা প্রদান করা হয়েছে।

৩. তথ্যপ্রযুক্তি

- কৃষি তথ্য ও যোগাযোগ কেন্দ্র (এআইসিসি) : গ্রামীণ পর্যায়ে কৃষি তথ্য বিস্তারের লক্ষ্যে দেশব্যাপী ৪৯৯টি কৃষি তথ্য ও যোগাযোগ কেন্দ্র (এআইসিসি) স্থাপন করা হয়েছে। কৃষক পরিচালিত এসব কেন্দ্রে কম্পিউটার, ল্যাপটপ, মডেম, মাল্টিমিডিয়া ইত্যাদি সামগ্রী প্রদান করা হয়েছে ও প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। সারা দেশে স্থাপিত ৪৯৯টি কৃষি তথ্য ও যোগাযোগ কেন্দ্রের প্রতিটি থেকে প্রতিদিন গড়ে প্রায় ২২-২৫ জন কৃষি বিষয়ক তথ্য সেবা পাচ্ছেন।
- কৃষি কল সেন্টার ৪ কৃষি তথ্য সার্ভিসের সদর দপ্তরে স্থাপিত কৃষি কল সেন্টার (১৬১২৩) থেকে প্রতি মিনিটে ২৫ পয়সা ব্যয়ে কৃষি/মৎস্য/প্রাণিসম্পদ বিষয়ক বিশেষজ্ঞদের মাধ্যমে কৃষকের উল্লেখিত বিষয়ে সমস্যার তাৎক্ষণিক সমাধান দেওয়া হচ্ছে। প্রতিদিন প্রায় ২০০-২২০টি কলের সমাধান এখান থেকে প্রদান করা হচ্ছে।
- কমিউনিটি রেডিও : বরগুনা জেলার আমতলীতে একটি কমিউনিটি রুরাল রেডিও স্থাপন করা হয়েছে, বর্তমানে প্রতিদিন ৮ ঘণ্টা করে সম্প্রচার করা হচ্ছে। এ রেডিওর ৫০টি শ্রোতা ক্লাব রয়েছে এবং প্রায় ২ লক্ষ মানুষ অনুষ্ঠানগুলোর নিয়মিত শ্রোতা।
- ই-বুক : ২০১৭-১৮ অর্থবছরে বিভিন্ন ফসল ও প্রযুক্তি নির্ভর ২২টি মাল্টিমিডিয়া ই-বুক তৈরি করা হয়েছে। এখানে অডিও, ভিডিও, অ্যানিমেশন থাকার খুব সহজেই এটি ব্যবহার করা যায়। ওয়েবসাইটেও এগুলো আপলোড করা হয়েছে।
- আইসিটি ল্যাব : দশটি কৃষি অঞ্চলে আইসিটি ল্যাবের মাধ্যমে বছরব্যাপী কৃষক, সম্প্রসারণকর্মীসহ সংশ্লিষ্টদের ই-কৃষি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। কৃষি সংশ্লিষ্ট বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানও এসব ল্যাব ব্যবহার করে আইসিটি প্রশিক্ষণ/কর্মশালা আয়োজন করতে পারছেন।

৪. বিবিধ

- এ সময়ে প্রায় ২০০০ জনকে (কৃষক, সম্প্রসারণকর্মী প্রমুখ) ই-কৃষি, গণমাধ্যমে কৃষি; কৃষি প্রযুক্তি ইত্যাদি শিরোনামে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে; এবং
- জাতীয় ও আন্তর্জাতিক কৃষিভিত্তিক বিভিন্ন দিবস উপলক্ষ্যে সেমিনার, মেলা (ফলমেলা, সবজি মেলা, বিশ্ব খাদ্য দিবস) র্যাব লি ইত্যাদির আয়োজন করা হয়েছে।

উপসংহার


কৃষি তথ্য সার্ভিস কৃষি অগ্রযাত্রার গৌরবোজ্জ্বল অংশীদার। সাফল্যের স্বীকৃতি হিসেবে কৃষি তথ্য সার্ভিস এরই মধ্যে অর্জন করেছে বঙ্গবন্ধু কৃষি সর্বপদক, জাতীয় ডিজিটাল উন্নতাবনী পদক। সত্যিকারভাবে কৃষির উন্নয়নে কৃষি তথ্য সার্ভিস জন্মালগ্ন থেকে নিরলসভাবে গণমাধ্যমের প্রায় সবগুলো মাধ্যমের সাহায্যে কৃষি তথ্য প্রযুক্তি গ্রামীণ তৎগুলি পর্যায়ে পর্যন্ত দ্রুত বিস্তার কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। কৃষি তথ্য সার্ভিস নতুন পদ্ধতি ব্যবহার করে কৃষি প্রযুক্তি বিস্তারে বিশেষ ভূমিকা রেখে চলেছে। বহুবিধ সীমাবদ্ধতা ও প্রতিকূলতার মধ্য দিয়েও কৃষির উন্নয়নের জন্য কৃষি তথ্য সার্ভিস নিরলস কাজ করছে। কৃষির জয়যাত্রা অব্যাহত থাকুক, কৃষিতে সাফল্যের মাধ্যমেই বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা প্রতিষ্ঠিত হোক-এ প্রত্যাশাই সবার। কৃষি সম্বন্ধিতে আমরা সবাই গর্বিত অংশীদার।



কৃষি তথ্য সার্ভিসের কার্যক্রম



কৃষি কল সেন্টার-১৬১২৩



টেলিভিশন অনুষ্ঠান (বাংলার কৃষি এবং মাটি ও মানুষ)



ভাষ্যমাণ চলচিত্র প্রদর্শনী



কৃষি রেডিও অনুষ্ঠান